# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫৯

৩/ নিয়্যাত

পরিচ্ছেদঃ নিয়ত ও ইখলাস সম্পর্কিত হাদীসসমূহ

আরবী

وعَنْ أَبِي يَزِيْدَ مَعَن بن يَزيدَ بن الأَخْنَسِ وهو وأبوه وَجَدُّه صَحَابيُّون قَالَ : كَانَ أَبي يَزيدُ أَخْرَجَ دَنَانِيرَ يَتَصَدَّقُ بِهَا فَوَضعَهَا عَندَ رَجُلٍ في الْمَسْجِدِ فَجِئْتُ فأَخذْتُها فَأَتَيْتُهُ بِهَا فقالَ : واللهِ مَا إِيَّاكَ أَرَدْتُ فَخَاصَمْتُهُ إِلَى رَسُوْلِ اللهِ ﷺ فقالَ لك مَا نَوَيْتَ يَا يزيدُ ولَكَ ما أَخَذْتَ يَا مَعَن رواهُ البخاريُّ

বাংলা

(১৫৯) আবূ ইয়াযীদ মা’ন ইবনে ইয়াযীদ ইবনে আখনাস (রাঃ) তিনি (মা’ন) এবং তাঁর পিতা ও দাদা সকলেই সাহাবী—তিনি বলেন, আমার পিতা ইয়াযীদ দান করার জন্য কয়েকটি স্বর্ণমুদ্রা বের করলেন। অতঃপর তিনি সেগুলি (দান করতে) মসজিদে একটি লোককে দায়িত্ব দিলেন। আমি (মসজিদে) এসে তার কাছ থেকে (অন্যান্য ভি�ুকের মত) তা নিয়ে নিলাম এবং তা নিয়ে বাড়ী এলাম। (যখন আমার পিতা এ ব্যাপারে অবগত হলেন তখন) বললেন, আল্লাহর কসম! তোমাকে দেওয়ার নিয়ত আমার ছিল না। (ফলে এগুলি আমার জন্য হালাল হবে কি না তা জানার উদ্দেশ্যে) আমি আমার পিতাকে নিয়ে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে উপস্থিত হলাম। তিনি বললেন, ’’হে ইয়াযীদ! তোমার জন্য সেই বিনিময় রয়েছে যার নিয়ত তুমি করেছ এবং হে মা’ন! তুমি যা নিয়েছ তা তোমার জন্য হালাল।’’ (বুখারী ১৪২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ মা’ন ইবনু ইয়াযীদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=62955

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন